Acc. No. **Shelf No.** A411

Title
SubTitle Jyotirvid

2nd yr. 3rd issue
5th " 6th, 8th

Role Author | Editor ✓ | Comment. | Transl. | Compiler |

Bimalaprasad Siddhanta Saraswati

Edition

Publisher

Place **Year** 1824 **Ind.Yr.**

Lang. Sanskrit **Script** Bengali

Subject

P.T.O. ➡

Digitized at BRCindia.com y2016 - JytrVd-y1is3-5-6-8_0000

জ্যোতির্ব্বিদ্।

(গণিত-ফলিত জ্যোতিষ বিষয়ক অদ্বয় মাসিকপত্র।)

২য় বর্ষ ৩য় সংখ্যা।

শ্রীবিমলাপ্রসাদ সিদ্ধান্তসরস্বতী

ও

K. Dutt, MA. (Sc) BL.

কার্য্যাধ্যক্ষ

শ্রীসিদ্ধেশ্বর ঘোষ

১৮১ নং মাণিকতলা ষ্ট্রীট, রামবাগান,

বিডনস্কোয়ার পোষ্টাপিস্

কলিকাতা।

১৮২৪

অগ্রিম বার্ষিক মূল্য সডাক ১৷৷০।

Digitized at BRCindia.com y2018 JytrVd-y1is3-5-6-8 0001

জ্যোতির্ব্বিদ্ সম্বন্ধীয় নিয়মাবলী।

১। জ্যোতির্ব্বিদের অগ্রিম বার্ষিক মূল্য সহর ও মফঃস্বলে সর্ব্বত্রই ১॥০। অনগ্রিম ২৲। বাঙ্গালা বর্ষের প্রারম্ভেই জ্যোতির্ব্বিদের মূল্য দেয় হয়। উক্ত তারিখে না পৌঁছিলে কার্য্যাধ্যক্ষ মহাশয় যে কোন সংখ্যা ভিপিতে প্রেরণ করিয়া বাকি মূল্য মায় খরচা আদায় করিয়া লইবেন। ভিপি ফিরত আসিলে প্রতিবারের জন্য ৵০ করিয়া অধিক পড়িবে। পত্র লিখিয়া জ্যোতির্ব্বিদ বন্ধ না করিলে গ্রাহকগণ বরাবরই গ্রাহক থাকিবেন এবং তৎকালে জ্যোতির্ব্বিদ্ না পাইলেও মূল্যের জন্য দায়ী থাকিবেন। পত্র কার্য্যাধ্যক্ষ মহাশয়ের নিকট না পৌঁছিলে মূল্য দিবার দায় হইতে মুক্ত হইবেন না। বৎসরের মধ্য হইতে বন্ধ হওয়া যায় না, এক সংখ্যা গ্রহণ করিলেই সম্পূর্ণ বর্ষের জন্য দায়ী হইতে দিনের মধ্যে ফিরাদি ৵০ পাইলে নমুনা প্রেরিত হয়। প্রেরিত নমুনা ১০ ন্যায় মূল্যের জন্য দায়ী রহিবেন, অন্যান্য সংখ্যা না পাইয়াও তিনি গ্রাহকের

২। জ্যোতির্ব্বিদে প্রকাশিত সমস্ত পু[illegible] ও অনুবাদের সত্বাধিকারী সম্পাদকগণ। লেখকগণের কোন প্রকারে সত্ব থাকিবে না। প্রকাশের জন্য প্রেরিত পুস্তক প্রবন্ধ ও অনুবাদের পক্ষেও উক্ত নিয়ম বলবৎ রহিবে। সমস্ত প্রবন্ধাদি সম্পাদক কিম্বা কার্য্যাধ্যক্ষ মহাশয়ের নিকট প্রেরণ করিতে হয়। ছাপা না ছাপা সম্পাদকের ইচ্ছাধীন, প্রবন্ধাদি ফিরত দেওয়া যায় না। প্রবন্ধাদি লেখক কিম্বা অপর কেহ জ্যোতির্ব্বিদে প্রকাশিত কিম্বা প্রকাশের জন্য প্রেরিত প্রবন্ধাদি জ্যোতির্ব্বিদের সম্পাদকগণের লিখিতানুমতি ব্যতীত প্রকাশ করেন, তাহা হইলে ক্ষতিপূরণ স্বরূপ সেই প্রবন্ধাদি জ্যোতির্ব্বিদে প্রকাশ করিতে যত ব্যয় হইয়াছে, তাহা ও উপযুক্ত লভ্যাংশ দিতে বাধ্য থাকিবেন।

৩। গ্রাহকগণ কোন সংখ্যা না পাইলে, পরবর্ত্তী সংখ্যা প্রাপ্তিমাত্র অভিযোগের একখণ্ড স্থানীয় পোষ্টমাষ্টার ও কার্য্যাধ্যক্ষ মহাশয়ের নিকটে প্রেরণ করিবেন। জ্যোতির্ব্বিদ্ সংক্রান্ত যে কোন বিষয় জানিতে হইলে কিম্বা অভিযোগ করিতে হইলে ৴০ এক আনার ডাক টিকিট সহ কার্য্যাধ্যক্ষ মহাশয়ের নিকট জানাইতে হয়। সমস্ত পত্রাদি কার্য্যাধ্যক্ষের নামে ১৮১ নং মানিকতলা ষ্ট্রীট কলিকাতা রামবাগান বিডনস্কোয়ার পোষ্ট এই ঠিকানায় পাঠাইতে হয়।

Digitized at BRCindia.com y2016 - JytrVe[illegible]8_0002

$\frac{\text{প্রমাণ রাশি}}{\text{ফলরাশি}} = \frac{\text{ইচ্ছারাশি}}{\text{ইচ্ছাফল}}$ ∴ $\text{ইচ্ছাফল} = \frac{\text{ফলরাশি} \times \text{ইচ্ছারাশি}}{\text{প্রমাণরাশি}}$] ॥ ২৬ ॥

গুণকার ও ভাগহারের ছেদ পরস্পর ভাজিত হয়। সচ্ছেদ ব্যতীত ছেদ দ্বারা ক্রমশঃ গুণ করিয়া অংশ দ্বারা গুণ করিলে স্ববর্ণত্ব হয়।] $\frac{ক}{খ}$ কে $\frac{গ}{ঘ}$, দিয়া ভাগ করিলে, $\frac{ঘ}{খ}$ দ্বারা গুণের তুল্য হয়।

$\frac{ক}{খ}$, $\frac{গ}{ঘ}$, $\frac{ঙ}{চ}$, স্ববর্ণত্ব হইলে $\frac{কঘচ}{খঘচ}$ $\frac{খগচ}{খঘচ}$ ও $\frac{ঙখঘ}{খঘচ}$] হয় ॥ ২৭ ॥

(কোন রাশি হইতে অন্য রাশি উৎপন্ন হইলে প্রথমটীকে মূল ও শেষটীকে ফল বলে) মূল হইতে ফলে উপনীত হইতে হইলে যে সকল প্রক্রিয়া করিতে হয়, ফল হইতে মূলে আনিতে হইলে তাহার বিপরীত প্রক্রিয়া করিতে হয়। অর্থাৎ শেষ হইতে প্রক্রিয়া সকল প্রথমেই আরম্ভ করিয়া বিপরীত ভাবে সংস্কার করিতে হয়। পূর্ব্বে গুণ স্থানে এক্ষণে ভাগ, পূর্ব্বে ভাগ স্থানে এক্ষণে গুণ, পূর্ব্বে যোগ স্থানে এক্ষণে বিয়োগ ও পূর্ব্বে বিয়োগ স্থানে এক্ষণে যোগ করিতে হয় ॥ ২৮ ॥

সর্ব্ব সাকল্য হইতে এক একটী সংখ্যা অন্তর করিয়া অবশিষ্ট গুলি একত্রে রাশি সংখ্যা হইতে এক বিয়োগ করিয়া তদ্দ্বারা ভাগ করিলে তাহাই সর্ব্বধন হইবে [ক+খ+গ=য, ক+খ+ঘ=র, ক+গ+ঘ=ল, খ+গ+ঘ=ব, সর্ব্বযোগে ৩ক+৩খ+৩গ+৩ঘ=য+র+ল+ব অথবা $\frac{\text{য}+\text{র}+\text{ল}+\text{ব}}{৩}$ = (ক+খ+গ+ঘ)] ॥ ২৯ ॥

যদি মহাজন দ্বয়ের মূলধন সমান হয় এবং উভয়ের অবশিষ্ট ধন ও দ্রব্য সংখ্যা জানা থাকে তাহা হইলে ধনের অন্তরকে দ্রব্য সংখ্যার অন্তর দিয়া ভাগ করিলে প্রতি দ্রব্যের মূল্য জানা যায় এবং উভয়েরই মূলধন বলা যায়।

ক=মুদ্রা ১ম ব্যক্তির, খ=দ্রব্য সংখ্যা ১ম ব্যক্তির, গ=মুদ্রা ২য় ব্যক্তির, ঘ=দ্রব্য সংখ্যা ২য় ব্যক্তির, প্রতি দ্রব্যের মূল্য=প। ক+খ×প=গ+ঘ×প, ক—গ=প (ঘ—খ); প= $\frac{\text{ক}-\text{গ}}{\text{ঘ}-\text{খ}}$] ॥ ৩০ ॥

Digitized at BRCindia.com y2016 - JytrVd-y1is3-5-6-8_0003

দুইটী গ্রহের মধ্যে একটী বক্রগতি বিশিষ্ট হয় তাহা হইলে উভয়ের অন্তরকে গতি দ্বারা ভাগ করিলে সংযোগ কাল জানা যায়। উভয়ে বক্রগামী হইলে গতির পার্থক্য দিয়া ভাগ করিলে উহা জানা যায়। ঐ কাল অতীত কিম্বা আগামী শীঘ্রগতিগ্রহের স্থান বশতঃ নির্দ্দিষ্ট হয় ॥ ৩১ ॥

অধিকাগ্র ভাগহারকে অল্পাগ্র ভাগহার দ্বারা ভাগ করিয়া শেষকে পরস্পর দ্বারা ভাগ করিবে। মতি দ্বারা গুণ করিয়া অগ্রান্তরে ক্ষেপণ করিবে। বল্লীর উপান্ত অঙ্ক দ্বারা পূর্ব্বাঙ্ক গুণ করিয়া শেষাঙ্ক যোগ করিবে। এই প্রকারে শেষাঙ্ক পর্য্যন্ত দুইটী রাশি হইবে। উপরিস্থিত রাশি অল্পাগ্রচ্ছেদ দ্বারা ভাগ করিবে; শেষকে অধিকাগ্রচ্ছেদ দ্বারা গুণ করিয়া অধিকাগ্র রাশি যোগ করিলে দ্বিচ্ছেদাগ্র রাশি হয় ॥ ৩২ ॥ ৩৩ ॥

কালক্রিয়া পাদ।

এক বর্ষে ১২ মাস। প্রতিমাসে ৩০ দিবস। প্রতি দিবসে ৬০ দণ্ড। প্রতি দণ্ডে ৬০ পল ॥ ১ ॥

৬০টী গুরু অক্ষর উচ্চারণ করিতে যে সময় লাগে তাহা একপল। উহা ৬ প্রাণের তুল্য। এই প্রকারে কালের ভাগ নির্ণীত হয়। ভগণ হইতে ক্ষেত্র বিভাগ হইয়া থাকে। [ভগণের দ্বাদশাংশ রাশি। রাশির ত্রিংশাংশ অংশ। অংশের ষষ্ট্যংশ কলা ও কলার ষষ্ট্যংশ বিকলা] ॥ ২ ॥

দুইটী গ্রহের যুগ ভগণের পরস্পর অন্তর সংখ্যাই যুগে উভয়ের যুতি সংখ্যা। রবি শশি ভগণ যোগে ব্যতীপাত সংখ্যা নির্ণীত হয় ॥ ৩ ॥

স্বভগণ হইতে উচ্চ ভগণ সংখ্যা হীন করিলে উচ্চনীচ পরিবর্ত্ত সংখ্যা হয়। গুরুভগণ সংখ্যাকে ১২ দিয়া গুণ করিলে আশ্বযুজ্যাদি গুরু সম্বৎসর সংখ্যা হইবে ॥ ৪ ॥

রবি ভগণ সংখ্যাই রব্যব্দ সংখ্যা। যুগে রবি শশি যোগ সংখ্যাই চান্দ্রমাস। রবি ও পৃথ্বী যোগ সংখ্যাই দিবস ও নক্ষত্র পরিভ্রমণ সংখ্যাই নাক্ষত্রিক দিবস। [রবির একবার ভ ভ্রমণ কালই এক সৌর বৎসর। রবি চন্দ্রের যুতি কাল হইতে পরবর্ত্তী যুতিকালই চান্দ্রমাস। যুগগত চন্দ্র ভগণ হইতে রবিভগণ সংখ্যা হীন করিলে যুগে চন্দ্রমাস সংখ্যা হয়। রবি ভূ প্রদক্ষিণ সংখ্যাই সৌর বা কু

Digitized at BRCindia.com y2016 - JytrVd-y1is3-5-6-8_0004

দিবস সংখ্যা। নক্ষত্র পরিভ্রমণ সংখ্যা হইতে রবি ভগণ সংখ্যা হীন করিলে সৌর দিন সংখ্যা জানা যায়॥] ॥ ৫ ॥

যুগে রবিমাসাপেক্ষা চন্দ্রমাস যত অধিক, যুগে তত অধিমাস। যুগের চান্দ্রদিনসংখ্যা হইতে যুগের সৌর দিন সংখ্যা হীন করিলে যুগের তিথিক্ষয় সংখ্যা হয়॥ সিদ্ধান্ত শিরোমণি, ২৬ পৃষ্ঠা॥ ৬ ॥

রবিবর্ষই মানুষবর্ষ। তাহার ত্রিংশৎ গুণ পিতৃবর্ষ। পিতৃ বর্ষের দ্বাদশ গুণ দেব বর্ষ॥ [একটী সৌরদিবসে পৃথ্বীস্থিত মনুষ্যের নিকট একবার দিবা রাত্রি হয় বলিয়া উহাই মানবের দিবস। পিতৃগণ চন্দ্রের অপর পার্শ্বে বাস করেন বলিয়া একটী চান্দ্র মাসে অর্থাৎ প্রায় ৩০ দিনে তাঁহাদের একদিন হয়। মোটা মুটী তজ্জন্যই মানবের ত্রিশ বর্ষে তাহাদের একটী বর্ষ হয়। দেবগণ মেরুতে বাস করেন, কাযে কাযেই তাহাদের দিবস এক বৎসর ধরিয়া, কারণ তথায় ৬ মাস দিন ছয় মাস রাত্র। অতএব তাঁহাদের বর্ষ যে আমাদের ৩৬০ বর্ষে হইবে তাহা কিছু আশ্চর্য্য নহে]॥ ৭ ॥

গ্রহ সমান স্থাপী যুগমান দিব্যমানে ১২০০০ বর্ষ ব্যাপী। ঐরূপ ১০০৮ যুগে ব্রহ্মার এক দিবস। [দিব্যমান আমাদের অপেক্ষা ৩৬০ গুণ বড়। অতএব এক যুগে ১২০০০×৩৬০ অর্থাৎ ৪৩২০০০০ বৎসর (সূ, সি, ১ম অ, ১৫ শ্লো)। অপরাপর গ্রন্থকারগণ ব্রহ্মার দিবস মান ১০০০ যুগ ধরিয়াছেন। (সি, শি, ১৬ পৃ)]॥ ৮ ॥

যুগের প্রথমার্দ্ধের উৎসর্পিণী আখ্যা হয়, শেষার্দ্ধ অবসর্পিণী নামে প্রসিদ্ধ। যুগের মধ্যে সুষমা, আদি ও অন্তে দুঃষমা। ইহা চন্দ্রোচ্চ হইতে বিচারিত হয়॥ ৯ ॥

তিনযুগপাদ গত হইলে বর্ত্তমান যুগের ৩৬০০ বর্ষগত কালে আমার জন্ম হইতে ২৩ বৎসর গত হইয়াছিল॥ ১০ ॥

যুগারম্ভে চৈত্রশুক্লাদি বর্ষ মাস দিবস যুগপৎ প্রবৃত্ত হইয়াছিল। কাল অনাদি অনন্ত, কেবল গোলস্থিত গ্রহাদি দ্বারা পরিমিত হয়॥ ১১ ॥

৬০ সূর্য্যাব্দে সকল গ্রহই নক্ষত্র মণ্ডল যোজন পরিমাণ ভ্রমণ করে। চতুর্যুগে আকাশ পরিধি সমান, নিজ কক্ষায় স্থিত হইয়া, ভ্রমণ করে॥ ১২ ॥

অধস্থিতি বশতঃ মণ্ডলের অল্পতা প্রযুক্ত অল্প কালের মধ্যেই নিজ কক্ষা পূরণ করে। সকলের উপরে স্থিত ও সর্ব্বাপেক্ষা বৃহৎ মণ্ডল বিশিষ্ট শনৈশ্চর অনেক সময়ে পূর্ণ করে॥ ১৩ ॥

Digitized at BRCindia.com y2016 - JytrVd-y1is3-5-6-8_0005

ক্ষুদ্রমণ্ডলস্থিত রাশির পরিমাণ ক্ষুদ্র, মহৎ মণ্ডল স্থিত রাশির আয়তন অধিক। রাশির তুল্যাংশ বশতঃ অংশ কলা ও তদনুরূপ স্বকক্ষায় ক্ষুদ্র ও বৃহৎ ॥ ১৪ ॥

নক্ষত্রগণের অধোভাগে ক্রমশঃ শনৈশ্চর, বৃহস্পতি, মঙ্গল, সূর্য্য, শুক্র, বুধ ও চন্দ্র পরিভ্রমণ করে। তাহাদিগের নিম্নে পৃথ্বী মেধীর ন্যায় থমধ্য-স্থিত ॥ ১৫ ॥

উক্ত সাতটী গ্রহ ক্রমশঃ শীঘ্রগামী। শনৈশ্চরাদি ক্রমশঃ হোরাধিপতি। সূর্য্যাদি দিনাধিপ (বারাধিপতি) উক্ত ক্রমের প্রতি চতুর্থ স্থান স্থিত ॥ [অতএব বারাধিপ ক্রমশঃ রবি, সোম, মঙ্গল, বুধ, বৃহস্পতি শুক্র শনি] ॥১৬॥

কক্ষ্যায় মধ্যম গ্রহ গণ স্বীয় গতি অনুসারে ভ্রমণ করে। প্রতিমণ্ডলেও ঐরূপ গমন করে বলিয়া, মন্দোচ্চ বশতঃ অনুলোম ও শীঘ্রোচ্চ বশতঃ প্রতি-লোম গতি হয় ॥ ১৭ ॥

স্বীয় কক্ষামণ্ডল তুল্য প্রতিমণ্ডলের পরিমাণ, কিন্তু প্রতিমণ্ডলের মধ্য (ঘন) পৃথ্বী মধ্য অতিক্রম করিয়া প্রতিষ্ঠিত ॥ ১৮॥

প্রতিমণ্ডলের কেন্দ্র ভূকেন্দ্র হইতে স্ব-উচ্চনীচবৃত্তের (মন্দ বা শীঘ্র বৃত্তের) ব্যাসার্দ্ধ পরিমাণে দূরে অবস্থিত। আবার কক্ষামণ্ডলে স্ব উচ্চনীচ বৃত্ত অঙ্কিত করিয়া তাহার পরিধিতে গ্রহ, মধ্যমগতিতে পর্য্যটন করে ॥ ১৯ ॥

যে গ্রহের গতি স্বীয় উচ্চ হইতে শীঘ্র হয়, সেই গ্রহের স্বকবৃত্তকক্ষায় প্রতিলোমগতি হইয়া থাকে। বৃত্তে অনুলোমগতি হইলে মন্দগতি হয় ॥ ২০ ॥

মন্দোচ্চ হইতে অনুলোমগ ও শীঘ্রোচ্চ হইতে প্রতিলোমগ বৃত্ত সকল কক্ষা মণ্ডললগ্ন গ্রহ মধ্য স্থানে কেন্দ্র করিয়া কল্পিত হয় ॥ ২১ ॥

মন্দোচ্চ হীন মধ্যবৃত্তের ১ম ও ৪র্থ পাদে হইলে ঋণ, ২য় ও ৩য় পাদে হইলে ধন, এবং মধ্যম হীন শীঘ্রোচ্চ বৃত্তের ১ম ও ৪র্থ পাদে হইলে ধন, ২য় ও ৩য় পাদে ঋণ আখ্যা গ্রহণ করে। স্ফুট কার্য্যে শনি গুরু কুজে মন্দোচ্চ জাত হইলে, মেষাদিতে ঋণ ও তুলাদিতে ধন হয়। মন্দফলার্দ্ধসংস্কৃতশীঘ্রোচ্চজাত শীঘ্র ফলার্দ্ধমন্দফলার্দ্ধসংস্কৃতমধ্যে সংস্কার করিবে। মন্দফলসংস্কৃতমধ্য হইতে উৎপন্ন মন্দফল সংস্কার করিলে স্ফুটমধ্য হয়। শীঘ্রোচ্চ হইতে উক্ত স্ফুট মধ্য সংস্কার করিয়া স্ফুট গ্রহ নির্ণয় করিবে। শুক্র ও বুধ সম্বন্ধে মধ্য হীন শীঘ্রোচ্চ জাত শীঘ্রফলার্দ্ধ স্বীয় মন্দোচ্চ হইতে বিপরীত সংস্কার করিয়া যে ফল হইবে উহা মেষাদিতে হীন ও তুলাদিতে ধন করিবে। উহা হইতে মান্দফল সংস্কার

Digitized at BRCindia.com y2016 - JytrVd-y1is3-5-6-8_0006

করিলে স্ফুটমধ্য হয়। তাহাতে তদ্দ্বারা শীঘ্রফলসংস্কার করিলে স্ফুট হয়॥ ২৩॥ ২৪॥

স্বীয় কর্ণ (শীঘ্র ও মন্দ) সংবর্গকে ব্যাসার্দ্ধ দ্বারা ভাগ করিলে ভূমি হইতে তারা গ্রহ দিগের অন্তরাল জানা যায়। কক্ষায় যে গ্রহগতি আছে, তাহা মন্দনীচোচ্চবৃত্তে॥ ২৫॥

গোলপাদ।

মেষ হইতে কন্যা পর্য্যন্ত অপম সকল উত্তরগ ও তুলাদি মীন পর্য্যন্ত শেষার্দ্ধের অপম সকল দক্ষিণ স্থিত॥ ১॥

নক্ষত্রগণ গ্রহপাত সকল ও সূর্য্য এবং তদীয় ছায়া মণ্ডলার্দ্ধদূরে সর্ব্বদাই অপমমণ্ডলে (Ecliptic) ভ্রমণ করে॥ ২॥

অপমণ্ডলস্থিত চন্দ্র পাত গত। তথা হইতে, ক্রমশঃ দক্ষিণ হইতে উত্তরে গমন করে। ঐরূপ বৃহস্পতি, মঙ্গল ও শনি (মন্দস্পষ্টাবস্থায়, পাত তুল্যতা পরিত্যাগ করিয়া ক্রমশঃ উত্তরে গমন করে। বুধ শুক্রের সময়ে মন্দফল সংস্কৃত শীঘ্রোচ্চের সহিত স্বীয় পাত তুল্য হইতে অপমণ্ডল গত হয়, এবং পরে অন্যান্য গ্রহের ন্যায় উত্তরগামী হইয়া থাকে॥ ৩॥

অবিক্ষিপ্ত চন্দ্র, সূর্য্য হইতে দ্বাদশাংশের মধ্যগত হইলে অদৃশ্য থাকে। সূর্য্য হইতে শুক্র ৯ অংশে, বৃহস্পতি ১১ অংশে, বুধ ১৩ অংশে, শনি ১৫ অংশে, মঙ্গল ১৭ অংশ দূরে স্থিত হইলে সূক্ষ্মতানুসারে অর্থাৎ ক্রমশঃ ক্ষীণালোকবশতঃ দৃশ্য হয়॥ ৪॥

পৃথ্বী, গ্রহ ও নক্ষত্র গণের গোলার্দ্ধ স্ব স্ব ছায়ায় বিবর্ণ (কৃষ্ণবর্ণ) থাকে যে অর্দ্ধ সূর্য্যাভিমুখে অবস্থিত উহাই কেবল দীপ্তমান দেখা যায়। [আর্য্যভট্ট তারকাগণের আপনা হইতে আলোক দিবার ক্ষমতা অনুভব করিতে পারেন নাই। গ্রহের ন্যায় তারকা সকল সূর্য্যালোকে আলোকিত ইহাই তাঁহার ধারণা ছিল। চন্দ্রের আলোকিতাংশ ব্যতীত অন্যাংশও কিঞ্চিৎ আলোকিত হইতে অনুভব করা যায়, উহা পৃথ্বী বিকীর্ণ আলোকসম্ভূত।]॥ ৫॥

বৃত্তাকার নক্ষত্রকক্ষার মধ্যস্থানে বহুবিধ গ্রহাদির কক্ষায় পরিবেষ্টিত হইয়া আকাশমধ্যগত ক্ষিতি জল তেজ-মরুতাদিময় সর্ব্বতোবৃত্ত ভূগোল বিরাজমান॥ ৬॥

Digitized at BRCindia.com y2016 - JytrVd-y1is3-5-6-8_0007

কদম্ববৃক্ষের যেরূপ পুষ্প সর্ব্বাঙ্গেই দৃষ্ট হয় সেইরূপ এই ভূগোলেরি সর্ব্বত্রই জলজ ও স্থলজ সকল প্রকার সত্ব বিশিষ্ট দ্রব্য ও প্রাণী পরিলক্ষিত হয় ॥৭॥

এক ব্রহ্ম দিবসে ভূমির উপরে এক যোজন বৃদ্ধি হয়। তত্তুল্য ব্রহ্মরাত্রিতে বর্দ্ধিত যোজনের হানি হইয়া থাকে ॥ ৮ ॥

একদিকগামী নৌকাস্থিত পুরুষ যেরূপ অচল উভয় পার্শ্বস্থিত দ্রব্য সকল কে বিপরীত গামী রূপে দৃষ্টি করেন, তদ্রূপ লঙ্কায় নক্ষত্র সকলকে সমভাবে পশ্চিমগামী বলিয়া মনে করেন ॥ ৯ ॥

উদয়াস্ত বিশিষ্টতা জন্য সগ্রহ ভপঞ্জর সতত প্রবহ বায়ু দ্বারা প্রচালিত হইয়া লঙ্কায় সমভাবে পশ্চিম দিকে গমন করে ॥ ১০ ॥

এক যোজন পরিমাণ মেরু সর্ব্বতোবৃত্ত হইয়া রত্নময় ও প্রভাকর। উহা হিমবান্ পর্ব্বত দ্বারা পরিক্ষিপ্ত হইয়া নন্দনবন মধ্যে প্রতিষ্ঠিত ॥ ১১ ॥

স্থলপ্রাচুর্য্য মধ্যে মেরু স্বর্গ রূপে আছে, জলপ্রাচুর্য্য মধ্যে বড়বামুখ নরক রূপে বর্ত্তমান। স্বর্গবাসী অমরগণ ও নরকবাসী নরগণ পরস্পরের অধঃস্থিতিবশতঃ আপনাদিগের নিম্নে অপরদিগকে মনে করে ॥ ১২ ॥

লঙ্কায় যে সময়ে সূর্য্যের উদয় হয়, সিদ্ধপুরে সে সময়ে অস্তকাল, যব কোটীতে মধ্যাহ্ন ও রোমকবিষয়ে অর্দ্ধ রাত্র ॥ ১৩ ॥

স্থল ও জলের মধ্য স্থান অর্থাৎ মেরু ও বড়বানল হইতে লঙ্কা ভূকক্ষার চতুর্থ ভাগে প্রতিষ্ঠিত। লঙ্কার উত্তরে তাহার চতুর্থ ভাগ দূরে উজ্জয়িনী। [অতএব লঙ্কা হইতে উত্তর দিকে ভূকক্ষার ষোড়শাংশে উজ্জয়িনী নগরী। ব্রহ্মগুপ্ত পঞ্চদশ ভাগ স্থির করিয়াছেন।] ॥ ১৪ ॥

সমতল প্রদেশ হইতে ভূব্যাসার্দ্ধহীন ভগোলার্দ্ধ দৃষ্ট হয়, ভূব্যাসার্দ্ধাধিক অপরার্দ্ধ ভূমি আচ্ছন্ন বশতঃ দৃশ্য হয় না। [আর্য্যভট সমন্তরাল রেখা বহু (অনন্ত) দূরে একত্রিত হয় ইহা স্থির করেন নাই।] ॥ ১৫ ॥

উত্তর মেরুস্থিত দেবতা সকল সততই (জ্যোতিশ্চক্রাভিমুখী লঙ্কাস্থিত ব্যক্তির) বাম ভাগস্থিত ভগোলার্দ্ধ দর্শন করেন এবং দক্ষিণ বড়বামুখস্থিত প্রেত সকল দক্ষিণ ভগোলার্দ্ধ দেখিতে পান ॥ ১৬ ॥

দেবতা সকল রবিবর্ষার্দ্ধপরিমাণকাল সূর্য্যকে উদিত দেখিতে পান; প্রেত সকল ও তদ্রূপ দেখিয়া থাকে। পিতৃগণ চন্দ্রস্থিত হইয়া চন্দ্রমাসার্দ্ধ পরিমাণ কাল রবিকে উদিত দেখেন। কু দিনের অর্দ্ধ পরিমাণ কাল মনুষ্য গণ পৃথ্বী হইতে সূর্য্যকে দেখিতে পান ॥ ১৭ ॥

Digitized at BRCindia.com y2016 - JytrVd-y1is3-5-6-8_0008

পূর্ব্ব পশ্চিমে ঊর্দ্ধাধো গামী বৃত্তকে সমমণ্ডল বলে, দক্ষিণ উত্তর ঊর্দ্ধাধ গামী বৃত্তকে দক্ষিণোত্তর মণ্ডল বলে। ক্ষিতিজমণ্ডল বৃত্তদ্বয়ের সমপার্শ্বস্থিত (তির্য্যক্) হইয়া নক্ষত্র গণের উদয়াস্ত নির্ণায়ক ॥ ১৮ ॥

পূর্ব্বাপরদিক্‌গামী ক্ষিতিজমণ্ডল হইতে (উত্তরাংশে) অক্ষাগ্রতুল্য দূরে যে বৃহন্মণ্ডল অবস্থিত তাহাকে উন্মণ্ডল বলে। যাহা দ্বারা দিবা নিশির ক্ষয় ও বৃদ্ধি হইয়া থাকে ॥ ১৯ ॥

অধোর্দ্ধগামী পূর্ব্বাপর ও দক্ষিণোত্তর স্থিত রেখা সকলের সংপাত দ্রষ্টার স্থানে হইয়া থাকে (অর্থাৎ তদ্দ্বারা স্থান স্থিরীকৃত হয়) ॥ ২০ ॥

দ্রষ্টা ও গ্রহাভিমুখে ঊর্দ্ধাধঃ যে মণ্ডল তাহা দৃঙ্‌মণ্ডল। পূর্ব্বলগ্ন হইতে ত্রিরাশি হীন করিলে দৃক্‌ক্ষেপমণ্ডল ॥ ২১ ॥

সর্ব্বদিকে সমবৃত্ত সমভাব লঘু কাষ্ঠময় গোলককে কালতুল্য সময়ের মধ্যে বৃদ্ধি করিয়া পারদ, তৈল ও জল দ্বারা ঘুরাইবে ॥ ২২ ॥

জ্যার্দ্ধের দ্বারা দৃগ্‌গোলার্দ্ধ ভাগে ভগোলার্দ্ধ রচনা করিবে। বিষুবৎ দিনের অক্ষজ্যা বিষুবজ্জ্যা ও তাহার বর্গ, ত্রিজ্যা বর্গ হইতে অন্তরিত করিয়া মূল করিলে যে অবলম্বক হয়, তাহাই উহার কোটি ॥ ২৩ ॥

ইষ্টদিবসীয় অপক্রমবর্গ (সৌর) ত্রিজ্যাবর্গ হইতে হীন করিয়া অবশিষ্টের যে মূল তাহাই বিষুবদ্ হইতে উত্তর কিম্বা দক্ষিণ স্থিত অহোরাত্রমণ্ডলের ব্যাসার্দ্ধ ॥ ২৪ ॥

চরম অহোরাত্র ব্যাসার্দ্ধ দ্বারা স্বীয় জ্যাকে গুণ করিয়া স্বাহোরাত্রার্দ্ধ জ্যা দ্বারা ভাগ করিলে মেষাদি লঙ্কোদয় জ্যা হইবে। [অপমমণ্ডলে রাশি সকল প্রতিষ্ঠিত। বিষুবদ্‌মণ্ডলে তাহাদিগের পরিমাণ নির্ণয়ই লঙ্কোদয়জ্যা সাধন। অপমণ্ডল স্থিতজ্যাকে বিষুবন্মণ্ডলে পাতিত (Project) করিলে যে রেখা হইবে, তাহা ত্রিজ্যা সহিত চরমাহোরাত্রার্দ্ধজ্যার সম্বন্ধের ন্যায় হইবে। কিন্তু স্বাহোরাত্রব্যাসার্দ্ধ সহিত পাতিতজ্যার যে সম্বন্ধ, ত্রিজ্যার সহিত লঙ্কোদয় প্রাগ্‌জ্যার সেই সম্বন্ধ।

$$\text{অতএব, লঙ্কোদয় প্রাগ্‌জ্যা} = \frac{\text{ত্রিজ্যা} \times \text{পাতিতজ্যা}}{\text{স্বাহোরাত্রার্দ্ধব্যাসার্দ্ধ}}$$

$$= \frac{\text{ত্রিজ্যা} \times \text{চরমাহোরাত্রব্যাসার্দ্ধ} \times \text{অপমণ্ডলস্থিতজ্যা}}{\text{স্বাহোরাত্রার্দ্ধ ব্যাসার্দ্ধ} \times \text{ত্রিজ্যা}}$$

Digitized at BRCindia.com y2016 - JytrVd-y1is3-5-6-8_0009

পূর্ব্বরাশির লঙ্কোদয়জ্যা জ্ঞাত থাকিলে পররাশির লঙ্কোদয় জ্যা হইতে হীন করিলে সেই রাশির মান সহজেই জানা যায়।] ॥ ২৫ ॥

ইষ্টদিনের অপক্রমজ্যাকে অক্ষজ্যা দ্বারা গুণ করিয়া লম্বক (লম্বজ্যা) দ্বারা ভাগ করিলে ক্ষিতিজ বশতঃ যে দিন রাত্রির ক্ষয় বৃদ্ধি হয় তাহার জ্যা নির্দ্দিষ্ট হইবে। [উন্মণ্ডল ও ক্ষিতিজমণ্ডল মধ্যবর্ত্তী অহোরাত্র মণ্ডলের ধনুর জ্যাই ক্ষয়বৃদ্ধিজ্যা। উহাকে বিষুবদ্‌বৃত্তে পরিণত করিবার জন্যই লম্বক অর্থাৎ অক্ষকোটিজ্যা দ্বারা ভাগ করিতে হয়। অক্ষজ্যা কোটীজ্যা ও ক্ষয় বৃদ্ধিজ্যা ভুজজ্যা। ক্ষয়বৃদ্ধিজ্যাকে চরদলজ্যা বলে] ॥ ২৬ ॥

দিবসের চতুর্থভাগে অর্থাৎ ১৫ দণ্ড হইতে চরদল হীন করিলে যে সময় হয় তৎসময়ে মেষাদি তিনরাশি ও মীনান্ত তিনরাশি উদিত হয়। কর্কটাদি ছয় রাশি ১৫ দণ্ডের সহিত চরদল যোগ করিয়া যে সময় হয় তৎকাল মধ্যে উদিত হইয়া থাকে। [উন্মণ্ডলাপেক্ষা ক্ষিতিজমণ্ডলের চরদলানুসারে নিম্নতা বশতঃ এরূপ হয়। লঙ্কায় কিন্তু ১৫দণ্ড সময়ে চক্রপাদ চতুষ্টয় উদয় হইয়া থাকে] ॥ ২৭ ॥

ক্ষিতিজোৎপন্ন স্বাহোরাত্রেষ্টজ্যাকে অবলম্বক দ্বারা গুণ করিয়া ব্যাসার্দ্ধ দ্বারা ভাগ করিলে দিনের গত ও শেষশঙ্কু হয় ॥ ২৮ ॥

ইষ্টশঙ্কুকে বিষুবজ্যা দিয়া গুণ করিয়া স্বলম্বক দ্বারা ভাগ করিলে দক্ষিণ গত অস্তোদয়সূত্র হইতে শঙ্কুগ্র হইবে ॥ ২৯ ॥

পরমাপক্রমজ্যাকে সায়নার্কভুজজ্যা দ্বারা গুণ করিয়া লম্বজ্যা দ্বারা ভাগ করিলে পূর্ব্ব ও পশ্চিমে ক্ষিতিজস্থিত অর্কাগ্রা হইবে ॥ ৩০ ॥

বিষুবদ্ মণ্ডলের উত্তর গত অর্কাগ্রা হইলে বিষুবজ্জ্যা অপেক্ষা ক্রান্তি কম হইলে, অগ্রাকে লম্বকদ্বারা গুণ করিয়া বিষুবজ্জ্যা দ্বারা ভাগ করিলে পূর্ব্বাপর শঙ্কু হয় ॥ ৩১ ॥

ক্ষিতিজমণ্ডল হইতে পরম উন্নত (মধ্যাহ্নকালীন) সূর্য্যের যে জ্যা তাহার নাম শঙ্কু। খমধ্য হইতে তাৎকালিক সূর্য্যাবস্থিতির যে জ্যা তাহাই শঙ্কুছায়া॥৩২॥

মধ্যজ্যাকে উদয়জ্যা দ্বারা গুণ করিয়া ব্যাসার্দ্ধ দ্বারা ভাগ করিলে যাহা হইবে তাহার বর্গ মধ্যজ্যাবর্গ হইতে অন্তর করিয়া মূল গ্রহণ করিলে স্বদৃক্ ক্ষেপ হইবে। [মধ্য লগ্ন স্থান হইতে খস্বস্তিকের পার্থক্যই মধ্য। পূর্ব্বস্বস্তিক হইতে উদয়লগ্নের পার্থক্যই উদয়] ॥ ৩৩ ॥

দৃগ্‌জ্যাবর্গ দৃক্‌ক্ষেপবর্গান্তরের মূল স্বীয় দৃগ্‌গতি। যদি দৃক্‌জ্যা নাভমধ্যে

Digitized at BRCindia.com y2016 - JytrVd-y1is3-5-6-8_0010

ভক্তিগ্রন্থনিচয়।

গতবারের পত্রের মলাটে যে সকল গ্রন্থের উল্লেখ আছে তদ্ব্যতীত শ্রীল কেদারনাথ দত্ত ভক্তিবিনোদ এম্, আর, এ, এস্ (লণ্ডন), প্রণীত বা সঙ্কলিত নিম্নলিখিত পুস্তকগুলি সজ্জনতোষণী কার্য্যালয়ে ১৮১ নং মাণিকতলা ষ্ট্রীট, কলিকাতা এই ঠিকানায় পাওয়া যায়,—

১। Chaitanya Mahaprabhu His Life and Precepts বা শ্রীগৌরাঙ্গলীলা স্মরণমঙ্গলস্তোত্রং। ইংরাজী বিস্তৃত ভূমিকা ও সংস্কৃতাক্ষরে মূল ও ভাষ্য কাপড়ে বাঁধা মূল্য ১৲ ডাঃ মাঃ ৵০ ভিপিতে ১৶০ মাত্র।

২। শ্রীশ্রীবিষ্ণু সহস্রনাম, সম্পূর্ণ মূল শ্রীবলদেব বিদ্যাভূষণ কৃত সংস্কৃত ভাষ্য ও সরল বিস্তৃত বঙ্গানুবাদ, মূলঃ ॥০ ডামাঃ /০ ভিপিতে ॥৵০।

৩। শ্রীশ্রীচৈতন্যশিক্ষামৃত (ভক্তিবিনোদ কৃত) বাঙ্গালা ভাষায় শ্রীমন্মহাপ্রভুর শিক্ষিত দর্শন ও তত্ত্বাবলী। মূল্য ৸০ ভিপিতে ৸৵০ মাত্র।

৪। প্রেমপ্রদীপ (বৈষ্ণবধর্ম্ম সম্বন্ধীয় উপন্যাস) ইহাতে পবিত্র হরিভক্তির উৎকর্ষ, যুক্তির অকর্ম্মণ্যতা, শুষ্ক যোগ চেষ্টার ও ব্রাহ্মাদিধর্ম্মের নৈষ্ফল্য প্রদর্শিত হইয়াছে। মূল্য ।০ ভিপিতে ।৵০ মাত্র।

৫। শ্রীশ্রীহরিনামচিন্তামণি (পদ্য বাঙ্গালা) শ্রীল ভক্তিবিনোদকৃত। ইহাতে শ্রীনামমাহাত্ম্য সূচনা, নামগ্রহণ ও নামাভাস বিচার, নামাপরাধ-সাধুনিন্দা, দেবান্তরে স্বাতন্ত্র্য জ্ঞানাপরাধ, গুর্ব্ববজ্ঞা, শ্রুতিশাস্ত্রনিন্দা, নামে অর্থবাদ, নামবলে পাপবুদ্ধি, শ্রদ্ধাহীনজনে নামোপদেশ, অন্য শুভকর্ম্মের সহিত নামকে তুল্যজ্ঞান, নামাপরাধ প্রমাদ, অহংমম ভাবাপরাধ, সেবাপরাধ, ভজনপ্রণালী। মূল্য ১৲ ডাঃ মাঃ /০ ভিপিতে ১৶০ মাত্র।

৬। ব্রহ্মসংহিতা, মূল, টীকা ও অনুবাদ সহ মূল্য ১৲ ভিপিতে ১৶০।

৭। শ্রীশ্রীকৃষ্ণকর্ণামৃত, মূল সংস্কৃত, টীকা ও শ্রীল ভক্তিবিনোদ কৃত অনুবাদ সহ। মূল্য ১৲ ভিপিতে ১৶০ মাত্র।

৮। মনঃশিক্ষা, ভাবাবলী ও শিক্ষাষ্টক, পুঁথির আকারে ভালকাগজে ও উত্তম অক্ষরে মুদ্রিত মূল্য ।০ ভিপিতে ।৵০ মাত্র।

৯। শ্রীশ্রীনবদ্বীপধাম মাহাত্ম্য, (প্রমাণ ও পরিক্রমা খণ্ড) সরল পদ্যে লিখিত, নবদ্বীপমণ্ডলের মানচিত্র সহ। মূল্য ।০ ভিপিতে ।৵০ মাত্র।

১০। শ্রীশ্রীচৈতন্যোপনিষদ্ মূল টীকা ও অনুবাদ মূল্য ৻১০।

১১। শ্রীশ্রীকল্যাণকল্পতরু, ১০০ খণ্ড একত্রে মূল্য ১॥/০ মাত্র।

১২। সঙ্কল্পকল্পদ্রুম, মূল ও অনুবাদ মূল্য ।০ ডাঃ মাঃ ৻১০।

Digitized at BRCindia.com y2016 - JytrVd-y1is3-5-6-8_0011

সামাজিক গ্রন্থাবলী।

১। দত্তবংশমালা (বালি সমাজের কায়স্থ দত্তপরিবারের বংশাবলী) মূল্য ১৲ ভিপিতে ১৶০ মাত্র।

২। বঙ্গে সামাজিকতা, শ্রীবিমলাপ্রসাদ সিদ্ধান্তসরস্বতী প্রণীত। অতি প্রাচীন কাল হইতে নানাবিধ ঘাতপ্রতিঘাতের অন্তরালে বঙ্গের আধুনিক বর্ণগত সমাজ কি প্রকারে গঠিত হইয়াছে, তাহার আনুপূর্ব্বিক বিবরণ এবং এক্ষণে সমাজে কি প্রকার অবস্থা দাঁড়াইয়াছে তাহার পরিচয়। তদ্ভিন্ন প্রচলিত ধর্ম্মসম্প্রদায় সকলের একটী তালিকা ও তাহাদিগের স্থূল মতামত প্রদর্শিত হইয়াছে। মূল্য ॥০ ভিপিতে ॥৵০ মাত্র।

নিবেদন।

পুস্তকাকারে পাক্ষিক পত্রিকা। জ্যোতিষ ও বৈষ্ণবধর্ম্ম বিষয়ক প্রবন্ধ ব্যতীত সকল কথাই প্রতিবারে প্রকাশিত হয়। নমুনা পাইতে হইলে ৴১৫ ডাকটিকিট সহ মেশার্স আর, পী, দত্ত এণ্ড কোং'র নিকট ৭ নং এজ্রা ষ্ট্রীট কলিকাতায় পত্র লিখিলে পাইবেন।

শ্রীশ্রীনবদ্বীপ-মায়াপুর ধামে শ্রীশ্রীগৌরাঙ্গের নিজগৃহে স্থাপিত

শ্রীশ্রীগৌরবিষ্ণুপ্রিয়ার যুগল মূর্ত্তির

ফটোগ্রাফ। ক্যাবিনেট সাইজ, বোর্ডে আঁটা।

মূল্য ।৵০ ডাঃ মাঃ ৴১ ভিপিতে ॥০ মাত্র।

মেশার্স আর, পী, দত্ত এণ্ড কোং।

এজেন্সী বিভাগ।—৭ নং এজ্রা ষ্ট্রীট, কলিকাতা। মফঃস্বলস্থ ধনী ও মহাজনগণের জন্য এই বিভাগ খোলা হইয়াছে। আমরা অতি সস্তাদরে সুযোগমত দ্রব্যাদি অর্ডার পাইবামাত্র ক্রয় করিয়া পাঠাইয়া থাকি। অন্যান্য নিয়মাবলীর জন্য পত্র লিখিলে জানিতে পারিবেন। আমাদিগের নিকট ইন্‌ডিস্‌পেন্সিবল চা পাওয়া যায়।

Printed by JOGENDRA Nath CHAKRABURTI.
at the "Hari-Press" 133, Musjidbari, Street, CALCUTTA.

Digitized at BRCindia.com y2016 JytrVd-y1ls3-5-8-8_0012

জ্যোতির্ব্বিদ্।

(গণিত-ফলিত জ্যোতিষ বিষয়ক অদ্বয় মাসিকপত্র ।)

২য় বর্ষ ৫ম সংখ্যা ।

সম্পাদক

শ্রীবিমলাপ্রসাদ সিদ্ধান্তসরস্বতী

ও

K. Dutt, MA. (Sc) BL.

কার্য্যাধ্যক্ষ

শ্রীসিদ্ধেশ্বর ঘোষ

১৮১ নং মাণিকতলা ষ্ট্রীট, রামবাগান,

বিডনস্কোয়ার পোষ্টাপিস্

কলিকাতা ।

১৮২৪

অগ্রিম বার্ষিক মূল্য সডাক ১॥০ ।

Digitized at BRCindia.com y2016 - JytrVd-y1is3-5-6-8_0013

জ্যোতির্ব্বিদ্ সম্বন্ধীয় নিয়মাবলী।

১। জ্যোতির্ব্বিদের অগ্রিম বার্ষিক মূল্য সহর ও মফঃস্বলে সর্ব্বত্রই ১॥০। অনগ্রিম ২৲। বাঙ্গালা বর্ষের প্রারম্ভেই জ্যোতির্ব্বিদের মূল্য দেয় হয়। উক্ত তারিখে না পৌঁছিলে কার্য্যাধ্যক্ষ মহাশয় যে কোন সংখ্যা ভিপিতে প্রেরণ করিয়া বাকি মূল্য মায় খরচা আদায় করিয়া লইবেন। ভিপি ফিরত আসিলে প্রতিবারের জন্য ৵০ করিয়া অধিক পড়িবে। পত্র লিখিয়া জ্যোতির্ব্বিদ বন্ধ না করিলে গ্রাহকগণ বরাবরই গ্রাহক থাকিবেন এবং তৎকালে জ্যোতির্ব্বিদ্ না পাইলেও মূল্যের জন্য দায়ী থাকিবেন। পত্র কার্য্যাধ্যক্ষ মহাশয়ের নিকট না পৌঁছিলে মূল্য দিবার দায় হইতে মুক্ত হইবেন না। বৎসরের মধ্য হইতে গ্রাহক হওয়া যায় না, এক সংখ্যা গ্রহণ করিলেই সম্পূর্ণ বর্ষের জন্য দায়ী হইতে হয়। নমুনা খরচাদি ৵০ পাইলে নমুনা প্রেরিত হয়। প্রেরিত নমুনা ১০ দিনের মধ্যে ফিরত না আসিলে, অন্যান্য সংখ্যা না পাইয়াও তিনি গ্রাহকের ন্যায় মূল্যের জন্য দায়ী রহিবেন।

২। জ্যোতির্ব্বিদে প্রকাশিত সমস্ত পুস্তক, প্রবন্ধ ও অনুবাদের সত্বাধিকারী সম্পাদকগণ। লেখকগণের কোন প্রকারে সত্ব থাকিবে না। প্রকাশের জন্য প্রেরিত পুস্তক প্রবন্ধ ও অনুবাদের পক্ষেও উক্ত নিয়ম বলবৎ রহিবে। সমস্ত প্রবন্ধাদি সম্পাদক কিম্বা কার্য্যাধ্যক্ষ মহাশয়ের নিকট প্রেরণ করিতে হয়। ছাপা না ছাপা সম্পাদকের ইচ্ছাধীন, প্রবন্ধাদি ফিরত দেওয়া যায় না। প্রবন্ধাদি লেখক কিম্বা অপর কেহ জ্যোতির্ব্বিদে প্রকাশিত কিম্বা প্রকাশের জন্য প্রেরিত প্রবন্ধাদি জ্যোতির্ব্বিদের সম্পাদকগণের লিখিতানুমতি ব্যতীত প্রকাশ করেন, তাহা হইলে ক্ষতিপূরণ স্বরূপ সেই প্রবন্ধাদি জ্যোতির্ব্বিদে প্রকাশ করিতে যত ব্যয় হইয়াছে, তাহা ও উপযুক্ত লভ্যাংশ দিতে বাধ্য থাকিবেন।

৩। গ্রাহকগণ কোন সংখ্যা না পাইলে, পরবর্ত্তী সংখ্যা প্রাপ্তিমাত্র অভিযোগের একখণ্ড স্থানীয় পোষ্টমাষ্টার ও কার্য্যাধ্যক্ষ মহাশয়ের নিকটে প্রেরণ করিবেন। জ্যোতির্ব্বিদ্ সংক্রান্ত যে কোন বিষয় জানিতে হইলে কিম্বা অভিযোগ করিতে হইলে ৴০ এক আনার ডাক টিকিট সহ কার্য্যাধ্যক্ষ মহাশয়ের নিকট জানাইতে হয়। সমস্ত পত্রাদি কার্য্যাধ্যক্ষের নামে ১৮১ নং মাণিকতলা ষ্ট্রীট কলিকাতা রামবাগান বিডনস্কোয়ার পোষ্ট এই ঠিকানায় পাঠাইতে হয়।

Digitized at BRCindia.com y2016 JytrVd-y1is3-5-6-8_0014

হইতে ক্ষিতিজান্ত পর্য্যন্ত হয়, তাহা হইলে ভূমি বশতঃ ভূব্যাসার্দ্ধতুল্য দৃগ্‌ভেদ যোজন হয় ॥ ৩৪ ॥

বিক্ষেপকে অক্ষজ্যা দ্বারা গুণ করিয়া লম্বক দ্বারা ভাগ করিলে ঐ ফলাদি দৃক্‌ফল হইবে। ঐফল অপমণ্ডল হইতে উত্তরে চন্দ্র থাকিলে উদয়ে ঋণ ও অস্তে ধন হইবে। দক্ষিণগত চন্দ্র হইলে উদয়ে ধন ও অস্তে ঋণ হইবে ॥ ৩৫ ॥

সায়ন চন্দ্রের উৎক্রমজ্যা বিক্ষেপ ও পরমাপক্রম দ্বারা গুণ করিয়া ব্যাসার্দ্ধ বর্গদ্বারা ভাগ করিবে। উত্তরায়ণ ও বিক্ষেপে ঋণ, দক্ষিণ বিক্ষেপে ধন, দক্ষিণায়ন ও উত্তর বিক্ষেপে ধন ও দক্ষিণ বিক্ষেপে ঋণ আখ্যা হয় ॥ ৩৬ ॥

চন্দ্রজল,সূর্য্য অগ্নি, পৃথ্বী মৃত্তিকা ভূছায়া তম। সূর্য্য গ্রহণকালে চন্দ্র সূর্য্যকে আচ্ছাদন করে; চন্দ্র গ্রহণে পৃথিবীর সুবৃহৎ ছায়া শশীকে আচ্ছন্ন করে ॥ ৩৭ ॥

(লম্বন সংস্কৃত) স্পষ্ট চান্দ্র অমাবস্যান্তে যখন পাতের নিকটবর্ত্তী হয় তখন উনাধিক সূর্য্য মধ্যে প্রবিষ্ট থাকিয়া সূর্য্য গ্রহণ সংঘটন করে। পক্ষান্তে যখন চন্দ্র আবার ভূচ্ছায়ান্তর্গত হয় তখন ন্যূনাধিক গ্রহণের মধ্যকাল বলিয়া নির্দ্দিষ্ট হয় ॥ ৩৮ ॥

সূর্য্যস্ফুটযোজনকে ভূব্যাস যোজন গুণিত করিয়া রবি ও ভূব্যাসের অন্তর-যোজন দ্বারা ভাগ করিলে ভূগোলমধ্য হইতে ভূচ্ছায়ার দীর্ঘত্ব হয় ॥ ৩৯ ॥

ছায়াদৈর্ঘ্য হইতে চন্দ্রব্যাস হীন করিয়া, অবশেষ ভূব্যাসের দ্বারা গুণ করিয়া, ভূচ্ছায়া দ্বারা ভাগ করিলে চন্দ্রমার্গে তমের (ভূচ্ছায়ার) যোজনাত্মক ব্যাস হইবে ॥ ৪০ ॥

চন্দ্র গ্রহণ কালে চন্দ্র ও ভূচ্ছায়া ব্যাস যোগার্দ্ধের এবং সূর্য্য গ্রহণ সময়ে চন্দ্র ও সূর্য্য ব্যাস যোগার্দ্ধের বর্গ হইতে চন্দ্র বিক্ষেপ বর্গ হীন করিয়া মূল গ্রহণ করিলে স্থিত্যর্দ্ধ সংজ্ঞা হয়। উহাকে চন্দ্রার্ক গত্যন্তর দ্বারা ভাগ করিলে দিনাত্মক স্থিত্যর্দ্ধ হইবে। [সূর্য্য গ্রহণকালে চন্দ্রের লম্বন যুক্ত গতি ও লম্বন জনিত মধ্য গ্রহণকাল আনয়ন করা আবশ্যক] ॥ ৪১ ॥

(ঐ প্রকারে) তম বিম্বার্দ্ধ হইতে চন্দ্রব্যাসার্দ্ধ হীন করিয়া বর্গ করিলে যাহা হইবে তাহা হইতে বিক্ষেপ বর্গ হীন করতঃ মূল নিষ্কাশন করিলে বিমর্দ্দার্দ্ধ হইবে। উহাকে কালে পরিণত করিতে হইলে চন্দ্রার্কগত্যন্তর দ্বারা ভাগ করিলে দিনাত্মক হইবে। [সূর্য্য গ্রহণ সম্বন্ধেও উপর্য্যুক্ত বিধি প্রযোজ্য কিন্তু সূর্য্যের পূর্ণ গ্রহণ অতি অল্পকাল ব্যাপী বলিয়া আর্য্যভট তাহার উল্লেখ করেন নাই।] ॥ ৪২ ॥

Digitized at BRCindia.com y2016 - JytrVd-y1is3-5-6-8_0015

(খণ্ড চন্দ্র গ্রহণে) তমো বিম্বার্দ্ধ হইতে চন্দ্র বিম্বার্দ্ধ হীন করিয়া, অবশেষ পুনরায় বিক্ষেপ হইতে হীন করিলে যাহা অবশিষ্ট থাকিবে, তৎপরিমাণ গ্রাস হইবে না ॥ ৪৩ ॥

স্থিত্যর্দ্ধ হইতে ইষ্ট বিয়োগ করিয়া বর্গ করতঃ বিক্ষেপ বর্গের সহিত যোগ করিয়া মূল গ্রহণ করিলে (তম ও শশাঙ্কের, সূর্য্য ও চন্দ্রের তাৎকালিক দূরত্ব) যাহা হইবে তাহা বিম্বার্দ্ধ যোগ হইতে বিয়োগ করিলে তাৎকালিক গ্রাস পরিমাণ হইবে ॥ ৪৪ ॥

মধ্যাহ্ন হইতে গতজ্যাকে অক্ষজ্যা দ্বারা গুণ করিয়া ত্রিজ্যা দ্বারা ভাগ করিলে দিগ্‌জ্যা (অক্ষবলন) হয়। প্রাতে রবিগ্রহণে দক্ষিণ বলন হয়, বৈকালে উত্তর বলন হয়। স্থিত্যর্দ্ধ ত্রিরাশি সহিত সূর্য্য ও চন্দ্রের দিক্ অনুসারে স্পর্শকালে বলন হইয়া থাকে ॥ ৪৫ ॥

গ্রহণারম্ভে ও শেষে চন্দ্র ধূম্রবর্ণ হয়। খণ্ড গ্রহণে চন্দ্র কৃষ্ণবর্ণ (গৃহীতাংশ) হয়। সর্ব্বগ্রাসে কপিলবর্ণ ধারণ করে, উহা ছায়া মধ্যে কৃষ্ণতাম্রের ন্যায় দেখায় ॥ ৪৬ ॥

সূর্য্য চন্দ্র যোগে সূর্য্যের অষ্টম ভাগের কম গ্রহণ হইলে দৃশ্য হয় না, কারণ সূর্য্য অতি প্রখর চন্দ্রের পরিধি ও স্বচ্ছ ॥ ৪৭ ॥

ক্ষিতিজে রবির উদয়াস্ত হইতে সূর্য্য এবং সূর্য্য চন্দ্র যোগাদি হইতে চন্দ্র সম্পন্ন হইয়াছে। সেইরূপ শশি তারা গ্রহ যোগাদি হইতে গ্রহনক্ষত্রাদি সকলই সম্পাদিত হয় ॥ ৪৮ ॥

সদসদ্ জ্ঞানরূপ সমুদ্র হইতে স্বীয়মতিরূপ নৌকায় আরোহণ করিয়া দেবতা প্রমাদে সমুদ্রতল নিমগ্ন সত্যজ্ঞানরূপ উত্তম রত্ন মৎকর্ত্তৃক সমুদ্ধৃত হইয়াছে ॥ ৪৯ ॥

পূর্ব্বকালে যে শাস্ত্র বেদ হইতে উদ্ধৃত হইয়া সর্ব্বদা প্রকাশিত ছিল তাহা আমি আর্য্যভটীয় তন্ত্র আখ্যা দিয়া প্রকাশ করিলাম। যে ইহার মিথ্যা দোষ দেখাইয়া নিন্দাবাদ করে সুকৃতায়ু হইলেও তাহার প্রাণনাশ ঘটিয়া থাকে ॥ ৫০ ॥

ইতি শ্রীআর্য্যসিদ্ধান্তানুবাদ সমাপ্ত।

Digitized at BRCindia.com y2016 - JytrVd-y1is3-5-6-8_0016

আর্য্যভট।

শ্রীআর্য্যসিদ্ধান্তঃ

শ্রীমদার্য্যভটবিরচিতঃ

শ্রীমৎপরমাদীশ্বরাচার্য্য কৃত-

ভটদীপিকাসহিতঃ।

---

১৮১ নং মাণিকতলাষ্ট্রীটস্থিতায়াঃ সারস্বতচতুষ্পাঠ্যা-
শ্ছাত্রবৃন্দানাং হিতায় সিদ্ধান্তসরস্বত্যুপাহ্বেন

শ্রীবিমলাপ্রসাদেন

সম্পাদিতোঽনূদিতশ্চ।

কলিকাতা রাজধান্যাং

'জ্যোতির্ব্বিদা'খ্য-পত্রে প্রকাশিতঃ।

মসজিদ্‌বাড়িষ্ট্রীটস্থিতায়াং হরিমুদ্রাক্ষরশালায়াং
শ্রীযোগেন্দ্রনাথচক্রবর্ত্তিনা মুদ্রিতঃ।

১৮২৪ শক।

Digitized at BRCindia.com y2016 - JytrVd-y1is3-5-6-8 0017

ARYA-SIDDHANTA

BY

SRIMAD-ARYABHATA

WITH

The Sanskrit Commentaries of

SRI PARMADISWARA.

EDITED BY

Bimalaprasad Siddhanta Saraswati

for the use of the students of
The Sanskrit Astronomical Chatuspathi
(181, Maniktala Street ; Calcutta).

Published in the "Jyotirvid" vol. I & II.

Printed By Jogendra Nath Chakraburti
At The "Hari Press"133 No. Musjeed Bari Street.

CALCUTTA.

1902.

[N. B.—To be had of Babu Siddheswar Ghosh, Manager Jyotirvid. 181. Maniktala Street Calcutta. India. Price Annas twelve Inland. Foreign : 1s. 4d.]

Digitized at BRCindia.com y2016 - JytrVd-y1is3-5-6-8_0018

নিবেদন।

প্রায় ৮ বৎসর পূর্ব্বে আমরা সানুবাদ সূর্য্যসিদ্ধান্ত প্রকাশ করিয়াছি। আমাদিগের অনুবাদটী কোন কোন স্থলে লিপিকার প্রমাদে দোষযুক্ত হইলেও সর্ব্বসাধারণে অনুগ্রহের সহিত গ্রহণ করিয়াছেন। এমন কি বোম্বাই হইতে ১৮১৬ শকে প্রকাশিত পণ্ডিত বলদেবপ্রসাদ মিশ্রকৃত ভাষানুবাদ সহ শ্রীসূর্য্য-সিদ্ধান্তে আমাদিগের অনুবাদ হইতেই অবিকল ভাষান্তর করা হইয়াছে। পাঠকগণের অনুমতি লইয়া ভূমিকার শেষ হইতে ২।১ লাইন উদ্ধার করিব। তিনি লিখিয়াছেন। "* * * শ্রীমান্ বিমলাপ্রসাদ সিদ্ধান্তসরস্বতী জীকো: বারম্বার ধন্যবাদ দিয়া জাতা হৈ; কোঁকি উপরোক্ত মহাশয়োঁকে দ্বারা ইস্ গ্রন্থকে অনুবাদমে বড়ী সহায়তা মিলা হৈ।" এতদ্ব্যতীত কএকবর্ষ পূর্ব্বে আমরা জগদ্বিখ্যাত শ্রীমান্ ভাস্করাচার্য্যকৃত সিদ্ধান্তশিরোমণি নামক অসাধা-রণ গ্রন্থের অনুবাদ বিবৃতিসহ গোলাধ্যায় প্রকাশকরতঃ জনসাধারণের হস্তে অর্পণ করিয়াছি।

সূর্য্যসিদ্ধান্ত প্রকাশের অব্যবহিত পর হইতেই বঙ্গে একপ্রকার সম্প্র-দায়ের আবির্ভাব হইয়াছে। তাঁহারা সিদ্ধান্তশাস্ত্র সকল রীতিমত পাঠ করিয়া মর্ম্মগ্রহণ করিতে ইচ্ছুক নহেন, কেবল ভাষাভাষা দুই একটা কথা লিখিয়া লইয়া আপনাকে অধীতবিদ্য মনে করিয়া নানাপ্রকার বাগাড়ম্বর করিয়া থাকেন। অধিকন্তু পঠদ্দশায় একটু ইংরাজি জ্যোতিষ ও সাইন কোসাইন লগ্ প্রভৃতি শুনা থাকায়, কথায় কথায় উহার সাহায্যে হিন্দুগণিত উদ্ঘাটন করিতে সমর্থ বলিয়া মনে করেন। আমরা তাঁহাদিগের নিকট এইমাত্র নিবেদন করি, তাঁহারা বিচারে প্রবৃত্ত হইবার পূর্ব্বে সারগ্রাহিতার সহিত সিদ্ধান্তগ্রন্থ সকল পাঠ করুন এবং সহৃদয়তার সহিত গ্রন্থ প্রকাশকালের অবস্থা অনুধাবনকরতঃ আলোচনা করিতে প্রবৃত্ত হউন। এরূপ হইলে দেশের ও ব্যক্তিবিশেষের প্রকৃত উন্নতি হইয়া থাকে।

অনেকে মুখে সিদ্ধান্তগ্রন্থ অধ্যয়ন করিয়াছি বলিয়া আস্ফালন করিয়া থাকেন; কিন্তু তাঁহাদিগের অধ্যয়নের ফল সাধারণের সহিত ভাগ করিয়া উপভোগ করিতে বাসনা করেন না। অধীতবিদ্যা হৃদয়েই থাকিয়া কেবল 'আমি-জানি, কেহ-জানেন না'তেই পর্য্যবসিত হয়। সে সকল লোকের দ্বারা জগতে কোন উপকার হয় না।

Digitized at BRCindia.com y2016 - JytrVd-y1is3-5-6-8_0019

আর্য্যসিদ্ধান্তের রচয়িতা বলিয়াছেন যে তাঁহার ২৩ বৎসর বয়ঃক্রমকালে ৪২১ শকে কুসুমপুরে আর্য্যসিদ্ধান্ত রচনা করেন। তাহা হইলে আর্য্যসিদ্ধান্ত ১৪০০ বর্ষের উর্দ্ধে রচিত হইয়াছে। বর্গ ও স্বরবর্ণদ্বারা অঙ্কসংখ্যা নির্দ্দেশ করিবার পন্থা আর্য্যভটই প্রথমে প্রচলন করিয়াছেন। জ্যোতিঃশাস্ত্রে তাঁহার গবেষণা কেবল পূর্ব্বপরিদর্শকদিগের শ্রমসংগ্রহেই পর্য্যবসিত ছিল, কারণ তদীয় টীকাকার পরমাদীশ্বর বলিয়াছেন যে আর্য্যভট দৈবপ্রণোদিত হইয়া গ্রহাদির মানাদিনির্ণয় করিয়াছেন। পরমাদীশ্বর অধিকদিন পরে টীকা করেন নাই। ভটপ্রকাশিকাকার তাঁহার পূর্ব্বে আর্য্যসিদ্ধান্তের একটী টীকা করিয়াছিলেন, তথাপি পরমাদীশ্বরের টীকাই জগতে অধিক প্রসিদ্ধি লাভ করিয়াছে। আর্য্যভট জ্যোতিষশাস্ত্রের কএকটী কথা নূতন বলিয়াছিলেন। তাঁহার পৃথ্বীব্যাস পরিমাণ পরবর্ত্তী ভাস্কর প্রভৃতির অপেক্ষা অনেক সূক্ষ্ম। আমরা অনুবাদে সর্ব্বত্রই প্রবন্ধের মত বিশদভাবে প্রদর্শন করিতে চেষ্টা করিয়াছি। কতদূর কৃতকার্য্য হইয়াছি জানি না; কিন্তু আশা আছে সহৃদয় পাঠকমাত্রেই আমাদিগের দোষ দেখিলে সংশোধন করিয়া লইয়া চিরউপকৃত করিবেন।

পরিশেষে বক্তব্য এই যে, গ্রন্থখানি সাময়িক পত্রে প্রকাশিত হওয়ায় দ্রুততার সহিত মুদ্রিত হইয়াছে; তজ্জন্য অনেক ত্রুটী আছে। আশা করি পাঠকগণ উহা মনে করিয়া ত্রুটী মার্জ্জনা করিবেন। সটীক আর্য্যসিদ্ধান্ত অত্যন্ত দুষ্প্রাপ্য, যে দুই একখানি পাঠ মিলাইবার অবসর পাইয়াছি, তাহার অনেকই অশুদ্ধ; তজ্জন্যও স্থলে স্থলে ভ্রম রহিয়া গিয়াছে। অনুবাদকালে জ্যোতির্ব্বিদ পত্রিকার অন্যতম সম্পাদক বিদ্বদ্বর শ্রীযুক্ত কে, দত্ত, এম, এ, বি, এল মহাশয় বিশেষ সহায়তা করিয়াছেন, তজ্জন্য তাঁহাকে বিশেষ ধন্যবাদ দিয়া কৃতজ্ঞতা প্রকাশ করিতেছি।

শ্রীবিমলাপ্রসাদ সিদ্ধান্ত-সরস্বতী।

সারস্বত চতুষ্পাঠী, কলিকাতা বিডন স্কোয়ার।

Digitized at BRCindia.com y2016 - JytrVd-y1is3-5-6-8_0020

অনুবাদের সূচী।

গোলপাদ।

বর্গাক্ষর অঙ্কসূচক (number) ১
স্বরবর্ণ শক্তিসূচক (power) ২
গ্রহাদির যুগভগণ ২
কৃতযুগারম্ভে বুধবার সূর্য্যোদয় ২
ব্রহ্মার দিন [=১৪ মনু] ২
মনু [=২৭ মহাযুগ] ২
আকাশকক্ষার যোজন ২
প্রাণ ও কলার সম্বন্ধ ২
ব্রহ্মাণ্ডের কক্ষা ২
ভূব্যাস (=১০৫০ যোজন) ৩
গ্রহবিম্ব (semi-diameter) ৩
পরমাপক্রম (Obliquity) ৩
গ্রহের পরম বিক্ষেপ ৩
পাতাংশ (Nodes) ৩
মন্দোচ্চ (গ্রহের) ৩
মন্দ ও শীঘ্র পরিধি ৪
জ্যা (Sines) ৪
বর্গ ও ঘন ৫
বর্গমূল ও ঘনমূল ৬
গোলের ঘন ও বস্ত্র ৭
ক্ষেত্রফল ৭
২০০০০ পরিধি=৬২৮৩২ ব্যাস ৮
শঙ্কু ও ছায়া ৮
চয় চিতিঘন ১০
একোত্তর অঙ্কসঙ্কলন ১০
ফল ও ইচ্ছা রাশি ও ফল ১১
মূল ধন ১২

কালক্রিয়া পাদ।

বর্ষ=১২ মাস ১৩
মাস= ৩০দিন ১৩
দিন= ৬০ দণ্ড ১৩
দণ্ড= ৬০ পল ১৩
গুরু সম্বৎসর ১৩
রবিবৎসর (Solar year) ১৩
চান্দ্রমাস ১৩
সৌরদিন (Solar days) ১৪
অধিমাস ১৪
তিথিক্ষয় ১৪
মানুষ পিতৃবর্ষ ও দেববর্ষ ১৪
দেব স্থান ও দিবামান ১৪
উৎসর্পিণী ও অবসর্পিণী ১৪
সুষম ও দুঃষমা ১৪
গ্রহকক্ষা ১৪
দিনাধিপ ১৫
প্রতিমণ্ডলে গ্রহগতি ১৫
উচ্চনীচবৃত্ত ১৫
অনুলোম ও প্রতিলোমগতি ১৫
গ্রহস্ফুট সাধন ১৫
গ্রহদূরত্ব ১৬

গোলপাদ।

অপম ও বিক্ষেপ ১৬

Digitized at BRCindia.com y2016 - JytrVd-y1is3-5-6-8_0021

শুক্রাদির উদয়াস্ত	১৬	লঙ্কোদয়জ্যা	১৮
ক্ষিতি জলাদির অধিষ্ঠান	১৬	দিবারাত্রি মান	১৯
ভূগোলস্থিত দ্রব্য ও প্রাণী	১৭	অগ্রা	১৯
পৃথ্বীর স্ব কক্ষোপরি আবর্ত্তন	১৭	স্বদৃক্‌ক্ষেপ	১৯
মেরু ও তাহার পরিমাণ	১৭	দৃগ্‌গতি	১৯
স্বর্গ ও নরক	১৭	দৃক্‌ফল	২০
লঙ্কা, সিদ্ধপুর, যবকোটী ও রোমক	১৭	চন্দ্র ও সূর্য্য গ্রহণ	২০
বড়বানল	১৭	গ্রহণের কারণ	২০
দেবলোকে ভূরাবর্ত্তন	১৭	ভূচ্ছায়ার দৈর্ঘ্য	২০
দিন রাত্রির পরিমাণ	১৭	তমচ্ছায়ার চন্দ্রমার্গে	২০
সমমণ্ডল	১৮	স্থিত্যর্দ্ধ	২০
উন্মণ্ডল	১৮	গ্রাস	২১
দৃঙ্‌ মণ্ডল	১৮	বলন	২১
দৃক্‌ ক্ষেপমণ্ডল	১৮	গ্রহণ কালে বর্ণ	২১
অবলম্বক	১৮	অন্যগ্রহ গ্রহণ	২১
অহোরাত্র মণ্ডল	১৮		

অনুবাদের সূচী সমাপ্ত।

Digitized at BRCindia.com y2016 - JytrVa-ytlo3-5-6-8_0022

ভক্তিগ্রন্থনিচয়।

গতবারের পত্রের মলাটে যে সকল গ্রন্থের উল্লেখ আছে তদ্ব্যতীত শ্রীল কেদারনাথ দত্ত ভক্তিবিনোদ এম্, আর, এ, এস্ (লণ্ডন), প্রণীত বা সঙ্কলিত নিম্নলিখিত পুস্তকগুলি সজ্জনতোষণী কার্য্যালয়ে ১৮১ নং মাণিকতলা ষ্ট্রীট, কলিকাতা এই ঠিকানায় পাওয়া যায়,—

